

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-১০

শ্রাবণ ০৩, ১৪২৪
তারিখ: -----
জুলাই ১৮, ২০১৭

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/ প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

কাস্টম হাউস চট্টগ্রাম এর মাধ্যমে প্রতিদিন ২৪ ঘন্টা আমদানি-রপ্তানি কার্যক্রম চালুকরণ প্রসংগে।


শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার হতে প্রাপ্ত ০৬/০৭/২০১৭ তারিখের বিশেষ আদেশ নং- ৬৬/২০১৭/কাস্টমস/৩২২(২৪) এর প্রতি (কপি সংযুক্ত) আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক ক্রমবর্ধমান আন্তর্জাতিক বাণিজ্যের সাথে তাল মিলিয়ে আমদানি-রপ্তানি পণ্যের দ্রুত খালাস তথা ট্রেড ফ্যাসিলিটেশনের স্বার্থে কাস্টম হাউস চট্টগ্রাম এর মাধ্যমে পরিচালিত আমদানি-রপ্তানি কার্যক্রম সপ্তাহে প্রতিদিন ২৪ (চব্বিশ) ঘন্টা চালু থাকবে। এছাড়াও, সাপ্তাহিক ছুটি এবং অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত সকল কর্মদিবসে সকাল ৯টা হতে সন্ধ্যা ৭টা পর্যন্ত আমদানি-রপ্তানি পণ্য চালানোর পরীক্ষণ, শুস্কায়ন ও খালাস কার্যক্রম চলমান থাকবে। এতদ্ব্যতিরিক্ত, এ বিষয়ে আপনাদের প্রান্তে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

সংযুক্তি: বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩১৯

গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক	তারিখ: ০২/০৭/১৭
ডায়েরী নং ১৬০২৩	<input type="checkbox"/> দ্রুত ব্যবস্থা নিন
ডেপুটি গভর্নর-১	<input type="checkbox"/> দ্রুত আলোচনা করুন
ডেপুটি গভর্নর-২	<input type="checkbox"/> জরুরী
ডেপুটি গভর্নর-৩	<input type="checkbox"/> উপস্থাপন করুন
ডেপুটি গভর্নর-৪	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নির্বাহী পরিচালক	<input type="checkbox"/> নথিভুক্ত
জিএম	স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

২২শে আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ

তারিখঃ ৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিশেষ আদেশ নং-৬৬/২০১৭/কাস্টমস/৩২২ (২৪)

বিষয়: কাস্টম হাউস চট্টগ্রাম এর মাধ্যমে প্রতিদিন ২৪ ঘন্টা আমদানি-রপ্তানি কার্যক্রম চালুকরণ।


ক্রমবর্ধমান আন্তর্জাতিক বাণিজ্যের সাথে তাল মিলিয়ে আমদানি-রপ্তানি পণ্যের দ্রুত খালাস তথা ট্রেড ফ্যাসিলিটেশন এর স্বার্থে কাস্টম হাউস চট্টগ্রাম এর মাধ্যমে পরিচালিত আমদানি-রপ্তানি কার্যক্রম সপ্তাহের প্রতিদিন ২৪ (চব্বিশ) ঘন্টা চালু থাকবে।

২। সাপ্তাহিক ছুটি এবং অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতিত সকল কর্মদিবসে সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত আমদানি-রপ্তানি পণ্যচালানের পরীক্ষণ, শুক্কায়ন ও খালাস কার্যক্রম চলমান থাকবে। কর্মদিবসের অবশিষ্ট সময়ে পণ্যের খালাসসহ আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনার জন্য কর্মব্যস্ততা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারীকে নিয়োজিত রাখতে হবে।

৩। এই শুক্কায়ন কার্যক্রমের সহিত সম্পৃক্ত বন্দর কর্তৃপক্ষ, শিপিং এজেন্টসহ সকল অংশীজনদের সাথে ঘনিষ্ঠ সমন্বয়পূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে।

৪। সকল ছুটির দিনে আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারীকে নিয়োজিত রাখতে হবে। সাধারণ অফিস সময় ব্যতিত অন্যান্য সময়ে কর্মব্যস্ততা অনুযায়ী নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীর কর্মবন্টন কমিশনার নির্ধারণ করবেন।

৫। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।



জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ-০৬/০৭/২০১৭ খ্রিঃ
মোঃ লুৎফর রহমান
সদস্য (কাস্টমস নীতি)

কার্যার্থে :

কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম (সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে সবিনয় অনুরোধ করা হলো)।
- ৫। সদস্য [সকল], জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৭। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/আইসিডি, কমলাপুর/বেনাপোল/মোংলা/পানগাঁও, ঢাকা।